# উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।

**স্থান** : উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সভা কক্ষ, কাহারোল, দিনাজপুর।

**তারিখ** : ২২/০৩/২০২৫ খ্রিঃ।

**সময়** : সকাল- ১০.০০ টা।

**সভায় উপস্থিত সদস্যগন ঃ**

১। উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল,দিনাজপুর।
২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর।
৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাহারোল,দিনাজপুর।
৪। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কাহারোল,দিনাজপুর।
৫। চেয়ারম্যান ৫নং সুন্দরপুর ইউনিয়ন পরিষদ, কাহারোল, দিনাজপুর।

**সভায় উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'**

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাহারোল, দিনাজপুরকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

সভার প্রারম্ভে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান গত উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর কার্যক্রমসমূহ স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ০১(এক)জন জুনিয়র কনসালটেন্ট(মেডিসিন), সহকারী সার্জন ০২(দুই)জন, মেডিকেল অফিসার ০২(দুই)জন এবং সহকারী ডেন্টাল সার্জন০১(এক)জন মোট০৬ (ছয়) জন ডাক্তার কর্মরত আছেন। শুন্য পদ ০৯, শুন্য পদে ডাক্তার পদায়নের জন্য সুপারিশ করা হয়। ডাক্তার স্বল্পতার জন্য চিকিৎসা সেবার মান কিছুটা হলেও ব্যাহত হচ্ছে।

তিনি সভায় আরও জানান যে, এসিডি কর্ণারে রোগীদের সেবা মান বৃদ্ধি করার জন্য ডাক্তার-নার্সসহ সব পর্যায়ের স্টাফ হাসাপাতালে ডাইবেটিক্স ও উচ্চ রক্তচাপের নিয়ে সেবার মান সুন্দরভাবে মোকাবিলা করতে পারি এ জন্য উৎসাহ প্রদান করা।

তিনি সভায় আরও জানান যে, কাহারোল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৫০শয্যার বিল্ডিং/ কাঠামো আছে। কিন্তু ৫০শয্যা প্রশাসনিক অনুমোদন হয় নাই এবং জনবল নাই।

তিনি সভায় আরও জানান যে, কাহারোল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সেবা নিতে আসা অধিকাংশ রোগী হচ্ছে নারী ও শিশু। ইমার্জেন্সিতে গড়ে প্রতিদিন ১৫০ - ২৫০জন রোগী চিকিৎসা সেবা নেন। যাদের মধ্যে সড়ক দুর্ঘটনা জনিত রোগীও থাকে। এই সব আশংকাজনক রোগীকে উন্নত চিকিৎসার জন্য দিনাজপুর সদর হাসপাতাল ও দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করতে হয়।

উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আমিনুল ইসলাম সভায় জানান যে, জরুরি মুহূর্তে রোগীর জন্য এ্যাম্বুলেন্স সেবা প্রদান করবে এবং রোগীর কোন প্রকার অনুবিধা যে না হয়। এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পান কর্মকর্তা-কে সজাগ থাকার জন্য দৃষ্টি আকর্ষণ করেণ।

**পর্যালোচনা :** বর্ণিত এনসিডি কর্ণারে আগত মুমূর্ষুরোগীদের দ্রুত চিকিৎসা সেবা নিশ্চিতের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সকল প্রকার সুবিধা দিবেন বলেন।

22/03/25

**সিদ্ধান্ত :** (১) চিকিৎসা সেবাদানকারীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে।
(২) সেবাগ্রহণকারীদের সাথে সর্বোচ্চ ইতিবাচক ব্যবহারের চর্চা প্রতিষ্ঠা করতে হবে।
(৩) রোগীদের সঠিক রোগ নির্ণয় ও মানসম্পন্ন চিকিৎসা নিশ্চিত করতে হবে।
(৪) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইতিবাচক দিকগুলো গণমাধ্যম ও সোস্যাল মিডিয়ায় নিয়মিত তুলে ধরা এবং বিভ্রান্তিকর বা মিথ্যা তথ্য প্রচারিত হলে দেরী না করে প্রয়োজনীয় ব্যাখ্যা ও প্রতিবাদ প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(৭) ১৫/০১/২০২৫ইং তারিখের মধ্যে হাসপাতালে ৫০ শয্যার প্রশাসনিক অনুমোদনের জন্য সহযোগিতা করা।

**বাস্তবায়ন :** উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাহরোল, দিনাজপুর।

পরিশেষে, সভাপতি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসা সেবাগ্রহণকারীদের নির্ভূল চিকিৎসা প্রদান এবং প্রেসক্রিপশনকৃত ঔষধ সরকারিভাবে প্রাপ্ত ঔষধসমূহ হতে যথাসম্ভব রোগীকে প্রদান, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীদের ভালো মানের খাবার পরিবেশন এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নিয়মিত সর্বোচ্চ পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার নিমিত্ত উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাসহ উপস্থিত সকলকে আন্তরিক হওয়ার পরামর্শ প্রদানপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/05/2025

(মোঃ আমিনুল ইসলাম)
সভাপতি
উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়
কাহারোল, দিনাজপুর।
kaharole@uhfpo.dghs.gov.bd

স্মারক নং ঃ উঃস্বাঃকমঃ/কাহা/দিনাজ/২০২৫/ ২৪৮/১(৫) তারিখ ঃ-২২/০৫/২০২৫ খ্রিঃ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) প্রেরণ করা হলোঃ

০১। পরিচালক(স্বাস্থ্য) রংপুর বিভাগ, রংপুর।
০২। সিভিল সার্জন, দিনাজপুর।
০৩। জনাব.........................................................................................,কাহারোল, দিনাজপুর।
০৪। উপজেলা.......................................................................কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর।
০৫। পরিসংখ্যান শাখা, অত্র কার্যালয়।

22/05/25

(ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান)
সদস্য সচিব
উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির
ও
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
কাহারোল, দিনাজপুর।